



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়কের কার্যালয়
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুষ্টিয়া ও
মেডিকেল কলেজ হাসপাতাল, কুষ্টিয়া (অস্থায়ী ক্যাম্পাস)।

স্মারক নং-জেঃ হাসঃ/কুষ/শা-১/২০২০/১১৬

তারিখঃ ২২/০২/২০২০

প্রেরকঃ

ডাঃ মোসাঃ নূরুন-নাহার বেগম
তত্ত্বাবধায়ক
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুষ্টিয়া।

প্রাপকঃ

জেলা প্রশাসক
কুষ্টিয়া।

বিষয়ঃ বৎসর ব্যাপি "মুজিব বর্ষ" পালনের জন্য নানা মুখী কর্মসূচী গ্রহন।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুষ্টিয়া ও মেডিকেল কলেজ হাসপাতাল, কুষ্টিয়া (অস্থায়ী ক্যাম্পাস) এ বৎসর ব্যাপি মুজিব বর্ষ পালনের জন্য নিম্নলিখিত কর্মসূচী পালন করা হবে।

- ১। বৎসর ব্যাপি জাঁকযমকভাবে মুজিব বর্ষ পালন করা হবে।
- ২। মুজিববর্ষে গৃহীত গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ বর্ষব্যাপী ডিসপ্লে বোর্ড এবং ব্যানারের মাধ্যমে প্রদর্শন করা হবে।
- ৩। চলমান পরিষ্কার পরিচ্ছন্নতা এবং সৌন্দর্য্য বর্ধনের কার্যক্রম চলমান রাখা এবং জোরদার করন।
- ৪। হাসপাতালের সামগ্রিক পরিবেশ উন্নয়ন করার জন্য ১লা মার্চ হতে হাসপাতালে দর্শনার্থী প্রবেশ নিয়ন্ত্রন করা।
- ৫। ১৭/০৩/২০২০ ইং তারিখে মুজিববর্ষ (২০২০) এর উদ্বোধনী অনুষ্ঠানে বর্ণাঢ্য র্যালী এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন।
- ৬। প্রসূতি কক্ষ ও প্রসূতি ওয়ার্ডের উন্নয়ন এবং প্রসূতি বাস্কব সেবা (২৪/৭) চলমান রাখা।
- ৭। মাসিক সমন্বয় সভায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন এবং আদর্শ বিষয়ক আলোচনা।
- ৮। মুজিব বর্ষ পালনের জন্য মুজিববর্ষ লোগো সংবলিত কোর্ট পিন ব্যবহার করা হবে।
- ৯। বর্ষ ব্যাপি বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর চিকিৎসা এবং পরামর্শ প্রদান করা হবে।
- ১০। বর্ষ ব্যাপি স্বেচ্ছায় রক্তদান সম্পর্কিত প্রচারনা এবং ভলান্টারী ব্লাড ডোনেশন ক্যাম্প আয়োজন করা হবে।
- ১১। জরায়ু মুখ এবং স্তন ক্যান্সার সম্পর্কে সচেতনতা তৈরীতে ৬টি উপজেলাতে ক্যাম্প করা হবে।
- ১২। নবজাতক মৃত্যু হার কমানোর জন্য ক্যান্সার মাদার কেয়ার এবং স্ক্যানু স্বাস্থ্য সেবা চলমান রাখা।
- ১৩। বৎসর ব্যাপি হাসপাতালে রুগী বাস্কব স্বাস্থ্য সেবা নিশ্চিত করা হবে।
- ১৪। হাসপাতাল লাইব্রেরীতে বঙ্গবন্ধু কর্ণার নির্মাণ করা হবে।
- ১৫। বৎসর ব্যাপি বঙ্গবন্ধুর আদর্শ এবং জীবনীর উপর আলোচনা সভা আয়োজন করা হবে।
- ১৬। হাসপাতালে কর্মরত সকলের পরিবারের সদস্যদের নিয়ে "স্বাধীকার থেকে স্বাধীনতা" বিষয়ক সাংস্কৃতিক অনুষ্ঠান করা হবে।
- ১৭। হাসপাতালের ফ্রন্টডেস্ক/হেল্প ডেস্ক সার্বক্ষণিক ভাবে চালু রাখা হবে।
- ১৮। মুজিব বর্ষে স্বাস্থ্য খাত এগিয়ে যাবে অনেক ধাপ। এই স্লোগান কার্যকরি করার সিদ্ধান্ত গৃহীত হইল।
- ১৯। হাসপাতালের অভ্যন্তরে বৎসর ব্যাপি বৃক্ষ রোপন এবং গাছের নাম সম্বলিত ফলক স্থাপন করা হবে।
- ২০। বিএমএ, স্বাচিপ, ম্যাটস এবং মেডিকেল কলেজের সহায়তায় ৬টি উপজেলায় ৬টি বিশেষায়িত মেডিকেল ক্যাম্প আয়োজন করা হবে।
- ২১। হাসপাতাল সমাজসেবা কার্যালয় এবং রোগীকল্যান সমিতির মাধ্যমে দরিদ্র এবং অসহায় রোগীদের সহায়তা কার্যক্রম জোরদার করা হবে।
- ২২। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবের আদর্শকে সামনে রেখে জাতীয় দিবসসমূহ এবং জনস্বাস্থ্য বিষয়ক দিবসসমূহ উদযাপন করা হবে।
- ২৩। মুজিববর্ষে স্বাস্থ্য এবং পরিবারকল্যান মন্ত্রণালয়ের স্লোগান সহ স্বাস্থ্য সচেতনতা মূলক প্রচারনা করা হবে।

২২/০২/২০২০
২২/০২/২০২০
(ডাঃ মোসাঃ নূরুন-নাহার বেগম)
তত্ত্বাবধায়ক

২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুষ্টিয়া ও
মেডিকেল কলেজ হাসপাতাল, কুষ্টিয়া (অস্থায়ী ক্যাম্পাস)।